




মাননীয় সাংসদ'র বাণী-



“মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড” এর গৌরবের ৫০ বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষ্যে একটি তথ্য সমৃদ্ধ বিশেষ স্মরণিকা প্রকাশ হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত খুশি হয়েছি। মঠবাড়ী ধর্মপল্লীর অন্তর্গত জনগোষ্ঠিকে ভিত্তি করে আজ থেকে ৫০ বছর পূর্বে এ প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়েছিল। প্রতিষ্ঠানগু হতে অদ্যাবদি পর্যন্ত জড়িত সকল সমবায়ীদের জানাই আমার আন্তরিক অভিনন্দন।

অর্ধ শতাব্দীর কার্যক্রমে “মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড” এর সদস্যদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে যা সদস্য এবং সমাজের বিভিন্ন স্তরের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে পেরেছে।

বিশ্বের বিভিন্ন দেশে আর্থ-সামাজিক উন্নয়নের হাতিয়ার হিসেবে সমবায় আন্দোলনের ভূমিকা প্রশংসিত হচ্ছে। সারা বিশ্বের সমবায়ীদের সাথে বাংলাদেশের সমবায়ীরাও এ সফলতার অংশীদার। সততা ও নিষ্ঠার সাথে সমবায় নেতৃত্ব ও ব্যবস্থাপনাকে জোরদার করা গেলে সমবায় আন্দোলনের কাঙ্ক্ষিত সাফল্য অর্জন করা সম্ভব তার প্রমাণ “মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড”।

একটি আর্থিক প্রতিষ্ঠান জন্মলগ্ন হতে অর্ধ শতাব্দী টিকে থাকা এবং সুবর্ণ জয়ন্তী উৎসব পালন করা এর কর্মপরিধির বিস্তৃতি ও সফলতার সাক্ষ্য বহন করে। আমি “মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড” এর সকল সদস্য সদস্যাদের দীর্ঘায়ু কামনা করি।

মেহের আফরোজ চুমকী
সংসদ সদস্য, গাজীপুর-৫
বাংলাদেশ জাতীয় সংসদ
সভাপতি, মহিলা ও শিশু বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি।